

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৯০

আগরতলা, ১৩ জুলাই, ২০২৪

### খার্চ পূজা ও উৎসব উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু খার্চ পূজা ও উৎসব উপলক্ষে সমস্ত ত্রিপুরাবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ‘খার্চ হচ্ছে ত্রিপুরার জনপ্রিয় উৎসবগুলির মধ্যে অন্যতম। প্রতি বছর আষাঢ় মাসে এই উৎসবটি হয় এবং সপ্তাহব্যাপী চলে। পুরাতন আগরতলা চর্তুদশ দেবতা মন্দিরে এই উৎসবের আয়োজন করা হয়। উৎসবের দিনগুলিতে রাজ্য ও বহিংরাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে পুণ্যার্থীদের সমাগম হয় চর্তুদশ দেবতা মন্দির প্রাঙ্গনে।’ শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিডি নাল্লু আশা প্রকাশ করেন খার্চ উৎসব ত্রিপুরাবাসীর জীবনে আনন্দ, সুখ, ভালবাসা, সমৃদ্ধি ও সৌভাগ্য বয়ে নিয়ে আসবে।

\*\*\*\*\*